

প্রেস বিজ্ঞপ্তি

ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের সাক্ষাত

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ রোববার (১৫ সেপ্টেম্বর ২০২৪) ইউজিসি চেয়ারম্যানের কার্যালয়ে এ সাক্ষাত ও মতবিনিময় অনুষ্ঠিত হয়।

এসময় নোবিপ্রবি উপাচার্য ইউজিসির নবনিযুক্ত চেয়ারম্যানকে অভিনন্দন জানান। ইউজিসি চেয়ারম্যানও নোবিপ্রবির নবনিয়োগপ্রাপ্ত উপাচার্যকে শুভেচ্ছা জানান।

সাক্ষাত ও মতবিনিময়কালে নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৩ এর উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনার কপি ইউজিসি চেয়ারম্যানের নিকট হস্তান্তর করেন। এছাড়াও নোবিপ্রবি মাননীয় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সংকট তুলে ধরে প্রকল্পটির দ্রুত বাস্তবায়নে কমিশনের সহযোগিতা কামনা করেন। এসময় তিনি নোবিপ্রবির পানিতে লবাণজ্ঞতা দূরীকরণে একটি প্রকল্প প্রণয়ন ও শিক্ষক সংকট সমাধান বিষয়ে ফলপ্রসূ আলোচনা করেন।

সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য ইউজিসি চেয়ারম্যানকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিদর্শনের আমন্ত্রণ জানান। ইউজিসি চেয়ারম্যানও সৌজন্য সাক্ষাতের জন্য নোবিপ্রবি উপাচার্যকে ধন্যবাদ জানান।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪